# ঝড়ের পূর্বাভাসে আর্জেন্টিনা-ইংল্যান্ড সেমিফাইনাল নিয়ে শঙ্কা




ছবি: সংগৃহীত

বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালে আজ মুখোমুখি হচ্ছে আর্জেন্টিনা ও ইংল্যান্ড। তবে মাঠের উত্তেজনার পাশাপাশি ম্যাচের আয়োজক শহর আটলান্টার আবহাওয়া নিয়েও তৈরি হয়েছে আলোচনা। ঝড় ও আকস্মিক বন্যার পূর্বাভাস দেওয়ায় সমর্থকদের মধ্যে কিছুটা উদ্বেগ দেখা দিয়েছে।

যুক্তরাষ্ট্রের জাতীয় আবহাওয়া পরিষেবা জানিয়েছে, স্থানীয় সময় বুধবার বিকেল থেকে সন্ধ্যার মধ্যে জর্জিয়া অঙ্গরাজ্যের বিভিন্ন এলাকায় বজ্রসহ বৃষ্টিপাত এবং ঝোড়ো হাওয়ার সম্ভাবনা রয়েছে। পাশাপাশি কিছু এলাকায় স্বল্প সময়ের জন্য জলাবদ্ধতা বা আকস্মিক বন্যার ঝুঁকিও থাকতে পারে।

আবহাওয়াবিষয়ক সংস্থাগুলোও দিনজুড়ে পরিবর্তনশীল আবহাওয়ার আভাস দিয়েছে। রোদ, মেঘ ও বৃষ্টির মিশ্র পরিস্থিতি তৈরি হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

তবে প্রতিকূল আবহাওয়ার কারণে ম্যাচ আয়োজন নিয়ে এখন পর্যন্ত ফিফা বা আয়োজকদের পক্ষ থেকে কোনো ধরনের উদ্বেগ প্রকাশ করা হয়নি। ম্যাচটি অনুষ্ঠিত হবে আটলান্টার আধুনিক মার্সিডিজ-বেঞ্জ স্টেডিয়ামে, যেখানে স্বয়ংক্রিয়ভাবে বন্ধ করা যায় এমন ছাদ রয়েছে। ফলে বাইরে আবহাওয়া খারাপ হলেও মাঠের ভেতরে খেলা স্বাভাবিকভাবে চালিয়ে যাওয়া সম্ভব হবে।

LENS ASIA

সবকিছু ঠিক থাকলে নির্ধারিত সময়েই মাঠে গড়াবে বহুল প্রতীক্ষিত আর্জেন্টিনা-ইংল্যান্ড সেমিফাইনাল। এই ম্যাচের বিজয়ী দল আগামী ১৯ জুলাই ফাইনালে স্পেনের মুখোমুখি হবে। এরই মধ্যে প্রথম সেমিফাইনালে ফ্রান্সকে হারিয়ে শিরোপা নির্ধারণী ম্যাচে জায়গা নিশ্চিত করেছে স্পেন।